

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট  
ঢাকা (দক্ষিণ)  
আইডিইবি ভবন(৪র্থ ও ৫ম তলা), ১৬০/এ, কাকরাইল ঢাকা-১০০০।  
web www.cevdsc.gov.bd

নথি নং-৪/মুসক/৮(২৯৮)করফাঁকি/আটক/বিচার/২০২০/

তাং- /০৮/২০২০ খ্রিঃ।

বিষয়ঃ দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর সেকশন ১৮০ মোতাবেক কারণ দর্শানো নোটিশ জারীকরণ

সূত্রঃ (০১) সিদ্ধিক বাজার কেন্দ্রীয় গুদাম-২ এর জি আর নং-০৩/২০০৯, তারিখ: ০৪/১১/২০০৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। কোস্ট গার্ড স্টেশন, পাগলা, নারায়নগঞ্জ কর্তৃক বিভিন্ন মালামালসহ চালক/যাত্রী বিহীনভাবে এম ভি নিশা মনি নামে একটি বাক্সহেড আটক করা হয়। পরবর্তীতে আটককৃত বাক্সহেডটি উক্ত দপ্তর এর জিম্মায় রেখে অন্যান্য মালামাল জি আর নং-০৩/২০০৯, তারিখঃ ০৪/১১/২০০৯ খ্রিঃ এর মাধ্যমে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট ঢাকা (দক্ষিণ) ঢাকা এর আওতাধীন সিদ্ধিক বাজার কেন্দ্রীয় গুদাম নং-০২ এ জমা প্রদান করা হয়েছে। আটককৃত বাক্সহেডসহ মালামাল এর বিবরণ নিম্নের ছকে উপস্থাপন করা হলোঃ

(ক) কাপড়

ক্র. নং	মালের বিবরণ	সংখ্যা/পরিমাণ
০১	শার্ট পিস, প্যান্ট পিস (থান কাপড়)	৪৩৪ থান
০২	শাড়ি	১৪৫৫ পিস
০৩	শাল চাদর	৬০ পিস
০৪	শ্রী পিস	১১৮৩ পিস
০৫	লেডিস চাদর	১০০ পিস

(খ) স্টীলের ভলগেড (এমভি নিশা মনি বাক্সহেড) ০১ (এক) টি (ইঞ্জিনসহ)। (কাস্টম গুদামে আনার ব্যবস্থা না থাকায় কোস্ট গার্ড পাগলার জেটিতে রক্ষিত আছে)।

(জি আর তালিকা মোতাবেক আটককৃত পণ্যের আনুমানিক মূল্য ২,০০,০০,০০০ টাকা)

০৩। অদ্যাবধি আটককৃত পণ্যের মালিকানা দাবি করে কেউ অত্র দপ্তরে আবেদনপত্র দাখিল করেননি। মামলার আটক প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় যে, আটককৃত উক্ত যানবাহনসহ পণ্যের ক্ষেত্রে The Customs Act, 1969 এর Section-2 এর দফা (s) এর Clause (c) মোতাবেক চোরাচালান করাসহ The Customs Act এর Section-16 এবং সেই সঙ্গে পঠিতব্য The Imports and Exports (Control) Act, 1950 এর Section-3(1) এর বিধানাবলী লংঘন করা হয়েছে, যা The Customs Act এর Section-156(1) এর Table এর Clause-8 & 9(i) এর বিধান মোতাবেক দণ্ডনীয় অপরাধ এবং আটককৃত উক্ত দাবীদার বিহীন মালামাল রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্তযোগ্য।

০৪। এমতাবস্থায়, মালিকানা (যদি থাকে) দাবির স্বপক্ষে প্রয়োজনীয় দলিলাদিসহ উল্লিখিত মালামালসমূহ কেন রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত করা হবেনা তার যথাযথ জবাব ২০/- (বিশ) টাকা মূল্যমানের কোর্ট ফি স্ট্যাম্পসহ লিখিতভাবে (বক্তব্যের সমর্থনে দলিলাদিসহ) পত্র প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করার জন্য বলা হলো। তাছাড়া এ মামলার বিষয়ে

আপনি/আপনারা ব্যক্তিগত শুনানী প্রদানে আগ্রহী কি-না তাও লিখিতভাবে উল্লেখ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে জবাব দাখিলে ব্যর্থ হলে প্রাপ্ত তথ্য/দলিলের ভিত্তিতে মামলাটি আইনানুগভাবে নিষ্পত্তি করা হবে।



[ এস এম হুমায়ুন কবীর ]

কমিশনার

ফোন-০২-৫৮৩১৫৯৬৪


Email-cevdhksouth@yahoo.com

নথি নং-৪/মুসক/৮(২৯৮)করফাঁকি/আটক/বিচার/২০২০/ ৫২৫(৫২)

তাং- ২৭ /০৮/২০২০ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও কার্যার্থেঃ

- ০১। জোনাল কমান্ডার ঢাকা জোন, বাংলাদেশ কোস্ট গার্ড, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ০২। সহকারী প্রোগ্রামার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা। [তাকে নোটিশটি নোটিশ বোর্ডে প্রদর্শনসহ সদর দপ্তরের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো]।
- ০৩। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, কোতয়ালী বিভাগ, ঢাকা। [তাকে নোটিশটি নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো]।
- ০৪। মোঃ হুমায়ুন কবীর, সহকারী রাজস্ব কর্মকর্তা (গুদাম কর্মকর্তা), সিদ্দিক বাজার, ঢাকা। [তাকে নোটিশটি নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো]।



[প্রমীলা সরকার]

অতিরিক্ত কমিশনার

